
দৈনিক ইনকিলাব

DEC. 31 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# নতুন সিলেবাসে উচ্চমাধ্যমিক শ্রেণীর ইংরেজী গ্রামার বই




উচ্চমাধ্যমিক শ্রেণীর ইংরেজী গ্রামার সিলেবাস পরিবর্তিত হলেও নতুন সিলেবাসভিত্তিক ভাল বই এখনো পাওয়া যাচ্ছে না। ২০০১-২০০২ শিক্ষাবর্ষ থেকে কার্যকর এ সিলেবাসের আলোকে প্রণীত English Grammar and Language Skills বইটি বাজারের অন্যান্য বইগুলো থেকে ভিন্নতা নিয়ে প্রকাশিত হয়েছে। এই সিলেবাসের ইতিবাচক ও নেতিবাচক উভয়বিধ দোষ-গুণ অবশ্যই রয়েছে। কিন্তু এর প্রায়োগিক দিকটি বিশেষভাবে উল্লেখযোগ্য। পুরনো সিলেবাসে শিক্ষার্থীর ইংরেজী শিক্ষায় ব্যবহারিক স্কিল নিশ্চিত করতে যথেষ্ট ছিল না। আন্তর্জাতিক ভাষা ইংরেজীতে শিক্ষার্থীকে লিখতে পড়তে বলতে ও বুঝতে সক্ষম করে তোলার উপযোগী করে গ্রন্থিত করা হয়েছে English Grammar and Language Skills বইটিকে। ইংরেজীর বিশিষ্ট অধ্যাপক মহিউদ্দিন মল্লিক এবং শরিফুল গণী মোল্লাহ যৌথভাবে লিখেছেন বইটি। তারা উভয়েই ঢাকা কলেজে ইংরেজী বিভাগের শিক্ষক। বইটি প্রকাশ করেছে মল্লিক ব্রাদার্স, ঢাকা। লেখকদ্বয়ের মতে, বইটিকে উচ্চমাধ্যমিক শ্রেণীর জন্য প্রয়োজনীয় সকল বিষয়কে অত্যন্ত সহজবোধ্যভাবে উপস্থাপন করা হয়েছে। ইংরেজী শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষকদেরও নতুন সিলেবাস সম্পর্কে আরো ভালোভাবে আয়ত্ত করতে এই বইটি যথেষ্ট সহায়ক হবে বলে মনে করছেন তারা। প্রায় ছয়শ পৃষ্ঠার ম্যাগাজিন সাইজের এ বইটির দাম রাখা হয়েছে মাত্র দুইশত পঁচিশ টাকা। সাথে রয়েছে বিনামূল্যে একটি দেড়শতাধিক পৃষ্ঠার সহায়ক (KEY TO) গ্রন্থ। গ্রন্থটির প্রকাশনা উদ্যোগ অবশ্যই প্রশংসনীয়।

□ শিক্ষাঙ্গন রিপোর্ট